

# আমেনার ইয়াছরিব গমন ও মৃত্যুবরণ

(رحلة إلى يثرب ووفاة أمّنة)

প্রাণাধিক সন্তানকে কাছে পেয়ে আমেনা তার  
প্রাণপ্রিয় স্বামীর কবর যেয়ারত করার মনস্থ করেন।  
শ্বশুর আব্দুল মুত্তালিব সব ব্যবস্থা করে দেন।  
সেমতে পুত্র মুহাম্মাদ ও পরিচারিকা উম্মে  
আয়মনকে সাথে নিয়ে তিনি মক্কা থেকে প্রায় ৪৬০  
কিঃ মিঃ উত্তরে মদীনার উদ্দেশ্যে রওয়ানা হন।  
অতঃপর যথাসময়ে মদীনায় পৌঁছে নাবেগা আল-  
জা'দীর পারিবারিক গোরস্থানে স্বামীর কবর  
যেয়ারত করেন। অতঃপর সেখানে এক মাস  
বিশ্রাম নেন। এরপর পুনরায় মক্কার উদ্দেশ্যে

রওয়ানা হন। কিন্তু কিছু দূর এসেই তিনি অসুস্থ হয়ে  
পড়েন এবং 'আবওয়া' (الأبواء) নামক স্থানে  
মৃত্যুবরণ করেন। যা বর্তমানে মদীনা থেকে মক্কার  
পথে ২৫০ কিঃ মিঃ দূরে অবস্থিত একটি শহরের  
নাম। উম্মে আয়মন শিশু মুহাম্মাদকে মক্কায়ে নিয়ে  
আসেন। এভাবে জন্ম থেকে পিতৃহারা ইয়াতীম  
মুহাম্মাদ মাত্র ৬ বছর বয়সে মাতৃহারা হ'লেন  
(ইবনু হিশাম ১/১৬৮)।